দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বেসরকারী ভার্সিটি স্থাপনের ফলে ছাত্র-ছাত্রীদের এখন আর বিদেশে যেতে হয় না

................................স্পীকার

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশ জাতীয় সংসদের স্পীকার ব্যারিস্টার মোহাম্মদ জমিরউদ্দিন সরকার শনিবার বিকেলে দারুল ইহসান বিশ্ববিদ্যালয় আয়োজিত 'মাহে রমজান বক্তৃতা ২০০২' শীর্ষক এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় বলেন, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে কোরান ও সুন্নাহর বিষয়কে প্রাধান্য দেয়া হয়েছে। তিনি বলেন,

(৫ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বেসরকারী ভার্সিটি

(৩য় পৃঃ পর)

বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের ফলে অধিক অর্থ ব্যয় করে ছাত্র-ছাত্রীদের এখন আর বিদেশে যেতে হয় না। তিনি বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষার কাঙ্ক্ষিত মান যাতে অর্জিত হয় সে দিকটির প্রতি দৃষ্টি দিতে অনুরোধ করেন। দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর ডঃ মুহাম্মদ আযহার উদ্দিনের সভাপতিত্বে 'জ্ঞান ও শিক্ষার ইসলামীকরণঃ সৈয়দ আলী আশরাফের শিক্ষা দর্শন ও বাংলাদেশে তার বাস্তবায়ন প্রচেষ্টা' বিষয়ের উপর বক্তব্য রাখেন সাবেক প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মোঃ আব্দুর রউফ ও এসএইচ মুনিরুজ্জামান।